আমার গণিত

তৃতীয় শ্রেণি

বিদ্যালয় শিক্ষা দপ্তর।পশ্চিমবঙ্গ সরকার

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ

পর্ষদ-এর কথা

নতুন পাঠক্রম এবং পাঠ্যসূচি অবলম্বনে নতুন পাঠ্যপুস্তক 'আমার গণিত' প্রকাশ করা হলো। মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় ২০১১ সালে 'বিশেষজ্ঞ কমিটি' গঠন করেন। সেই কমিটির সুপারিশ অনুযায়ী পাঠক্রম, পাঠ্যসূচি এবং পাঠ্যপুস্তক পরিবর্তন করা হয়েছে। পরিবর্তনের ক্ষেত্রে জাতীয় পাঠক্রমের রূপরেখা ২০০৫ এবং শিক্ষার অধিকার আইন ২০০৯ — এই নথি দুটিকে নির্ভর করা হয়েছে। গণিত বইগুলিকে যথাসম্ভব প্রয়োগনির্ভর, শিক্ষার্থীকেন্দ্রিক এবং আকর্ষণীয় করে তোলা হয়েছে। আধুনিক গণিত ভাবনার প্রতিফলন বইটিতে সযত্নে ফুটিয়ে তোলা হয়েছে। বইটিকে শিক্ষার্থীদের পক্ষে চিত্তাকর্ষক করে তোলার জন্য প্রচুর ছবি ব্যবহার করা হয়েছে। বিমূর্ত ধারণাগুলিকে ধাপে ধাপে অভিজ্ঞতা নির্ভর দৃষ্টান্তের মাধ্যমে পরিবেশন করা হয়েছে। অঙ্ক যে আতঙ্ক নয়, বরঞ্চ মেধাবৃদ্ধির আনন্দময় উপকরণ, সেকথা শিক্ষার্থীরা আশা করি বইটির মাধ্যমে উপলব্ধি করতে সমর্থ হবে।

বইটি প্রস্তুত করেছেন নির্বাচিত শিক্ষাবিদ, শিক্ষক-শিক্ষিকা আর বিষয়-বিশেষজ্ঞবৃন্দ। এঁদের কৃতজ্ঞতা জানাই। প্রখ্যাত শিল্পী দেবাশিষ রায় বইটির অঙ্গসজ্জায় বিশেষ ভূমিকা গ্রহণ করেছেন। তাঁকে ধন্যবাদ জানাই। নতুন দৃষ্টিভঙ্গিতে নব কলেবরে এই বই সেজে উঠেছে। আশা করা যায়, ২০১৩ শিক্ষাবর্ষে বইটি গণিত শিখনের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা নেবে।

বইটির উৎকর্ষ বৃদ্ধিতে শিক্ষানুরাগী মানুষের পরামর্শ এবং মতামত আমরা সাদরে গ্রহণ করব।

ডিসেম্বর, ২০১৭

আচার্য প্রফুল্লচন্দ্র ভবন
ডি-কে ৭/১, সেক্টর ২
বিধাননগর, কলকাতা ৭০০০৯১

মানিক ভট্টাচার্য
সভাপতি
পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ

প্রাক্‌কথন

পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় ২০১১ সালে বিদ্যালয় শিক্ষার ক্ষেত্রে একটি 'বিশেষজ্ঞ কমিটি' গঠন করেন। এই 'বিশেষজ্ঞ কমিটি'-র ওপর দায়িত্ব ছিল বিদ্যালয়স্তরের সমস্ত পাঠক্রম, পাঠ্যসূচি এবং পাঠ্যপুস্তক - এর পর্যালোচনা, পুনর্বিবেচনা এবং পুনর্বিন্যাসের প্রক্রিয়া পরিচালনা করা। সেই কমিটির সুপারিশ অনুযায়ী নতুন পাঠক্রম, পাঠ্যসূচি এবং পাঠ্যপুস্তক নির্মিত হলো। আমরা এই প্রক্রিয়া শুরু করার সময় থেকেই জাতীয় পাঠক্রমের রূপরেখা ২০০৫ (NCF 2005) এবং শিক্ষার অধিকার আইন ২০০৯ (RTE Act 2009) এই নথি দুটিকে অনুসরণ করেছি। পাশাপাশি আমাদের পরিকল্পনায় আমরা রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষাদর্শের রূপরেখাকে ভিত্তি হিসাবে গ্রহণ করেছি।

প্রাথমিক স্তরের 'গণিত' বইগুলি 'আমার গণিত' সিরিজের অন্তর্ভুক্ত। আমার গণিত তৃতীয় শ্রেণি বইটিতে প্রাথমিক ধারণা নির্মাণ থেকে ধাপে ধাপে জটিলতর সমস্যা সমাধানের দিকে শিক্ষার্থীকে এগিয়ে নিয়ে যাওয়া হয়েছে। বিভিন্ন শ্রেণির বইগুলিকে রঙে রূপে সাজিয়ে তুলেছেন বিশিষ্ট শিল্পীরা। বিষয় শিক্ষার পাশাপাশি বইগুলির মাধ্যমে শিক্ষার্থীকে আনন্দময় শিখন পরিবেশও আমরা উপহার দিতে চাই। একটি চিঠিতে লিখেছিলেন শিক্ষাগুরু রবীন্দ্রনাথ (১৯১৩) : 'অঙ্ক জিনিসটা কী এবং তার ভুল জিনিসটা যে কেবল নম্বর কাটার বিষয় নয় সেটা যে যথার্থ ক্ষতির কারণ এটা খেলাচ্ছলে ছেলেদের শিখিয়ে দিলে সেটা ওদের মনে গাঁথা হয়ে যায়।' গণিত বইয়ের পরিকল্পনায় আমরা এই দৃষ্টিভঙ্গিকে প্রাধান্য দিতে চেয়েছি।

নির্বাচিত শিক্ষাবিদ, শিক্ষক-শিক্ষিকা এবং বিষয়-বিশেষজ্ঞবৃন্দ অল্প সময়ের মধ্যে বইটি প্রস্তুত করেছেন। পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষার সারস্বত নিয়ামক পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ। তাঁদের নির্দিষ্ট কমিটি বইটি অনুমোদন করে আমাদের বাধিত করেছেন। বিভিন্ন সময়ে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ, পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা দপ্তর, পশ্চিমবঙ্গ সর্বশিক্ষা মিশন, পশ্চিমবঙ্গ শিক্ষা অধিকার প্রভৃত সহায়তা প্রদান করেছেন। তাঁদের ধন্যবাদ।

মাননীয় শিক্ষামন্ত্রী ড. পার্থ চ্যাটার্জী প্রয়োজনীয় মতামত এবং পরামর্শ দিয়ে আমাদের বাধিত করেছেন। তাঁকে আমাদের কৃতজ্ঞতা জানাই।

বইটির উৎকর্ষবৃদ্ধির জন্য শিক্ষাপ্রেমী মানুষের মতামত, পরামর্শ আমরা সাদরে গ্রহণ করব।

ডিসেম্বর, ২০১৭

বিকাশ ভবন
পঞ্চমতল
বিধাননগর, কলকাতা ৭০০০৯১

অভীক মজুমদার
চেয়ারম্যান
'বিশেষজ্ঞ কমিটি'
বিদ্যালয় শিক্ষা দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার

বিশেষজ্ঞ কমিটি পরিচালিত পাঠ্যপুস্তক প্রণয়ন পর্ষদ

নির্মাণ ও বিন্যাস

অভীক মজুমদার (চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি)

রথীন্দ্রনাথ দে (সদস্য সচিব, বিশেষজ্ঞ কমিটি)

রত্না চক্রবর্তী বাগচী (সচিব, পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ)

শংকরনাথ ভট্টাচার্য

সুমনা সোম

তপসুন্দর বন্দ্যোপাধ্যায়

মলয় কৃষ্ণ মজুমদার

পার্থ দাস

প্রদ্যুত পাল

পুষ্পেন্দু রক্ষিত

প্রচ্ছদ ও অলংকরণ

দেবাশিস রায়

রূপায়ণ

বিপ্লব মণ্ডল

সূচিপত্র

আমার গণিত

আমার নাম ....

আমার মায়ের নাম ....

আমার বাবার নাম ....

আমাদের বিদ্যালয়ের নাম ....

আমার শ্রেণি ....

আমার রোল নম্বর ....

আমাদের বাড়ির ঠিকানা ....

....

আগের পড়া মনে করি

ছবি আঁকি ও অঙ্ক করি

১) ছবি দেখি। হিসাব করি। ঘরে লিখি।

টিপের পাতা আছে [ ] টি।

প্রত্যেক টিপের পাতায় [ ] টি টিপ আছে।

মোট [ ] টি টিপ আছে।

মা ২ টি টিপ নিয়ে নিলেন।

টিপ রইল [ ] টি।

২) এই চাদরে ৪টি টিপের পাতা আঁকি। প্রতিটি টিপের পাতায় ৮টি করে টিপ এঁকে উপরের মতো কাজ করি।

৩) ছবি দেখি। হিসাব করি। ঘরে লিখি।

গাছে আম আছে [ ] থোকা ।

প্রত্যেক থোকায় [ ] টি আম আছে ।

গাছে মোট [ ] টি আম আছে ।

গাছের তলায় [ ] টি আম পড়েছে ।

মাটিতে পড়ার আগে গাছে মোট আম ছিল [ ] টি।

অঙ্কে লিখি | কথায় লিখি

___ টা পেনসিল। ___ টা পেনসিল।

___ টা পুঁতি। ___ টা পুঁতি।

___ টা সন্দেশ। ___ টা সন্দেশ।

___ টা বেলুন। ___ টা বেলুন ।

___ টাকা। ___ টাকা।

___ টা ফুল। ___ টা ফুল।

মালাগুলো দেখি । মালায় কটি পুঁতি আছে ? কটি পাশে পড়ে আছে ?
পড়ে যাওয়ার আগে মালায় কটি পুঁতি ছিল ?

মালায় আছে ১৭ টি পুঁতি
পড়ে আছে ৩ টি পুঁতি
মালায় আগে ছিল ☐ টি পুঁতি

মালায় আছে ☐ টি পুঁতি
পড়ে আছে ☐ টি পুঁতি
মালায় আগে ছিল ☐ টি পুঁতি

মালায় আছে ☐ টি পুঁতি
পড়ে আছে ☐ টি পুঁতি
মালায় আগে ছিল ☐ টি পুঁতি

মালায় আছে ☐ টি পুঁতি
পড়ে আছে ☐ টি পুঁতি
মালায় আগে ছিল ☐ টি পুঁতি

মালায় আছে ☐ টি পুঁতি
পড়ে আছে ☐ টি পুঁতি
মালায় আগে ছিল ☐ টি পুঁতি

মালায় আছে ☐ টি পুঁতি
পড়ে আছে ☐ টি পুঁতি
মালায় আগে ছিল ☐ টি পুঁতি

প্রজাপতিগুলো ফুলে বসার আগে কয়েক সেকেন্ড উড়েছে। ফুল থেকে উঠে আবার কয়েক সেকেন্ড উড়ল। মোট কত সেকেন্ড উড়ল? ডানায় দুরকম লেখা আছে। যেটা ঠিক সেটায় হালকা হলুদ রং দিই।

মনে মনে ভেবে ফাঁকা ঘরে লিখি :

১। আজ লীলার জন্মদিন । ইলা আর রহিম লীলাকে ৮ টা করে বেলুন দিল । লীলার কাছে বেলুন হলো ☐ টা ।

☐ + ☐ = ☐

ফোলাতে গিয়ে ৩টে বেলুন ফেটে গেল । লীলার কাছে বেলুন রইল ☐ টা । ☐ ☐ ☐ ☐ ☐

লীলার বাবা লীলাকে ১৫টা বাঁশি দিলেন। লীলা বন্ধুদের দেবে। সবাইকে ১টা করে দিতে গিয়ে লীলা দেখল ৩টে বাঁশি খারাপ। ভালো বাঁশিগুলো বন্ধুদের দিল। বাঁশি পেল ☐ জন বন্ধু।

২। প্রিয়া, সোমা, মঙ্গলা, শবনম, রোজি, শুকুর আর শান ৭জন মিলে বাগানে ফুল তুলল। কে কটা ফুল তুলল তা নীচে লেখা আছে। প্রত্যেকে কিছু ফুল পাড়ার ঠাকুরমাকে দিল। কে কটা দিল তাও নীচে লেখা আছে। তাদের কার সাজিতে কটা ফুল রইল ?

নাম	ফুল তুলল	ঠাকুরমাকে দিল	সাজিতে রইল
প্রিয়া	২৮	৬	২২
সোমা	৪৪	৩	
মঙ্গলা	১৬	২	
শবনম	৩৬	৬	
রোজি	৫৭	৫	
শুকুর	৬৯	৪	
শান	১০	৩	

ঘুড়ির মধ্যে যোগ বিয়োগ করি ও নির্দেশ মতো রং করি

১৫ + ১১ = ☐	৩৮ - ১২ = ☐	৪৩ - ৩২ = ☐
৪৮ - ২৬ = ☐	১২ + ১৬ = ☐	১৮ + ২১ = ☐
৫৫ - ২১ = ☐	১৪ + ২২ = ☐	৮৬ - ৬৬ = ☐

ঘুড়ির সংখ্যার ফলাফলে দশকের ঘরে ১ এলে ঘুড়িটা (লাল) রং করি।

ফলাফলে দশকের ঘরে ২ এলে ঘুড়িটা (সবুজ) রং করি।

ফলাফলে দশকের ঘরে ৩ এলে ঘুড়িটা (হলুদ) রং করি।

কোন রং বেশি দিলাম? ☐ কোন রং কম দিলাম? ☐

যোগ বিয়োগের আগে ঘুড়ির মধ্যে বড়ো সংখ্যা কোনটা ছিল ? ☐

যোগ বিয়োগের আগে ঘুড়ির মধ্যে ছোটো সংখ্যা কোনটা ছিল ? ☐

ফলাফলে সবচেয়ে বড়ো সংখ্যা ☐। ফলাফলে সবচেয়ে ছোটো সংখ্যা ☐।

চলো বাজারে যাই

সাইকেলে চড়ে বাজারে চলি। হিসাব করে খরচ করি । ফাঁকা ঘরে লিখি :

নীলু সাইকেল চেপে বাজারে যাচ্ছে। পথে দেখল রমজান আর মিতাও সাইকেল চেপে বাজারে যাচ্ছে।

প্রতি সাইকেলে ☐ টি চাকা। তিনজনের সাইকেলে মোট ☐ টি চাকা।

বাজারে তারা তরমুজের দোকানের পাশ দিয়ে গেল। দোকানে ৪টি ঝুড়ি দেখল। প্রত্যেক ঝুড়িতে ৬টি করে তরমুজ আছে। রমজান বলল মোট ৪ × ☐ = ☐ টি তরমুজ আছে।

এবার তারা ফোন বুথে গেল। মিতা ২টি ফোন করল।

নীলু ১টা ও রমজান ১টা ফোন করল।

তারা মোট ☐ টে ফোন করল।

প্রতি ফোনের জন্য ২টাকা দিতে হলো।

তাদের মোট ☐ × ২ টাকা = ☐ টাকা দিতে হলো।

তারপর নীলু ৪আঁটি শাক কিনল। ১ আঁটি শাকের দাম ৫ টাকা। নীলু দিল ☐ × ☐ টাকা = ☐ টাকা।

রমজান এবার ২ টি গন্ধরাজ লেবু আর ১টা বেল কিনল।

একটা লেবুর দাম ৪টাকা।

২ টি লেবুর দাম ☐ × ☐ টাকা = ☐ টাকা।

১টা বেলের দাম দিল ৭টাকা।

রমজান মোট ☐ টাকা + ☐ টাকা = ☐ টাকা দিল।

মিতা ২ টি লাউ আর একটা এঁচড় কিনল।

লাউ ৯টাকা করে। ২টি লাউয়ের দাম ☐ × ☐ টাকা = ☐ টাকা।

মিতা একটা এঁচড়ের দাম দিল ১৭টাকা।

মিতা মোট ☐ টাকা + ☐ টাকা = ☐ টাকা দিল । তাদের মোট খরচ = ☐ টাকা।

যোগ এর বদলে গুণ। কতকে কত দিয়ে গুণ করতে হবে? গুণফল কত হবে?

ফাঁকা ঘরে গুণ করে লিখি এবং ঠিক ঠিক মতো রং দিই

×	১	২	৩	৪	৫
১					
২	২		৬		
৩					
৪					
৫					
৬				২৪	
৭					
৮					
৯					

গুণফলের দশকে ৪ থাকলে [লাল] দিই।

গুণফলের দশকে ৩ থাকলে [হলুদ] দিই।

গুণফলের দশকে ২ থাকলে [নীল] দিই।

গুণফলের দশকে ১ থাকলে [সবুজ] দিই।

গুণফলের দশকে ০ থাকলে [গোলাপি] দিই।

[নীল] রং দিয়েছি ☐ টি ঘরে।

[লাল] রং দিয়েছি ☐ টি ঘরে।

[হলুদ] রং দিয়েছি ☐ টি ঘরে।

[গোলাপি] রং দিয়েছি ☐ টি ঘরে।

[সবুজ] রং দিয়েছি ☐ টি ঘরে।

বেশি ঘরে দিয়েছি ☐ রং।

সমান ভাগে ভাগ করি

তিন থেকে শুরু করে দুই ঘর ছেড়ে ছেড়ে রং দিই।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯

১) রানার বাড়িতে তিন বন্ধু বেড়াতে এসেছে। রানার দাদু ৯টা সন্দেশ এনে দিলেন। রানা সন্দেশগুলো তিন বন্ধুর মধ্যে সমান ভাগে ভাগ করে দিল। রানা প্রত্যেককে ☐ টি করে সন্দেশ দিল।

☐ ÷ ☐ = ☐

২) আসাদ দাদা হনুমানদের কলা খাওয়ান। ৪টে হনুমানকে ১৬ টা কলা সমান করে ভাগ করে দিলেন। প্রত্যেক হনুমান ☐ টি করে কলা পেল।

☐ ☐ ☐ ☐ ☐

৩) চাচা আমিনাদের ৫জনকে মোট ১৫টা চকোলেট সমান ভাগে ভাগ করে দিলেন। আমিনারা প্রত্যেকে ☐ টা করে চকোলেট পেল।

☐ ☐ ☐ ☐ ☐

৪)রিমলি বইয়ের তাকে ২১টা বই রাখবে। ৩ টে খোপ। প্রতি খোপে সমান বই রাখতে হবে। রিমলি প্রতি খোপে ☐ টা বই রাখল।

☐ ☐ ☐ ☐ ☐

৫) সবুজরা ৪ বন্ধু জল ছেঁচে ২৪টা মাছ ধরল। সমান ভাগে ভাগ করে প্রত্যেকে ☐ টা করে মাছ নিল।

☐ ☐ ☐ ☐ ☐

ফাঁকা ঘরে ঠিকমতো সংখ্যা লিখি। দুটো করে সমস্যা তৈরি করি

১২ ÷ ২ → ৬

৫ + ১ → ৬

১। ক) কাকা ১২টা লিচু ২জনকে সমান ভাগে ভাগ করে দিল। প্রত্যেকে কটা পাবে?

খ) মা তোমাকে ৫টা কুল দিলেন। দাদা আরো ১টা দিল। তোমার কাছে মোট কটা কুল হলো?

☐ + ৩ → ৮

৪ × ☐ → ৮

২। ক)

খ)

☐ − ৩ → ১০

৪ + ☐ → ১০

৩। ক)

খ)

ফাঁকা ঘরে ঠিকমতো সংখ্যা লিখি। প্রথম ঘরের সংখ্যাটি ২০ -র মধ্যে লিখি

রেলগাড়ির বগিগুলোর গায়ে বিশেষ বিন্যাসে নম্বর দেওয়া আছে।
যেখানে লেখা নেই সেখানে নম্বর লিখি :

২ ৪ ৬ ৮ ১৮

১ ৩ ৫ ৯

৫০ ৪৫ ৪০

২ ১২ ২২ ৩২

৩ ৬ ৯

৯৬ ৯৩ ৯০ ৮৭ ৮৪

১) যোগ করি	২) বিয়োগ করি	৩) গুণ করি
২ ৮	৩ ৭	১ ৩
+ ৭	− ৪	× ৩
______	______	______
______	______	______

৪) উপর-নীচে লিখে যোগ করি

ক) ৬৭ ও ৭   খ) ৪৩, ৬ ও ২০   গ) ৭৪, ১৭ ও ৫

ঘ) ৬৪, ৬ ও ৮   ঙ) ৪, ৩ ও ১৬   চ) ৫, ৪ ও ২৩

৫) উপর-নীচে লিখে বিয়োগ করি

ক) ২৭ থেকে ৭   খ) ৪৭ থেকে ১৫   গ) ৭৪ থেকে ৫

ঘ) ৪৮ থেকে ১৪   ঙ) ৫৫ থেকে ১২   চ) ৬৩ থেকে ১৪

৬) উপর-নীচে লিখে গুণ করি

ক) ৬ কে ৩ দিয়ে   খ) ১৬ কে ৪ দিয়ে   গ) ১৪ কে ৫ দিয়ে

ঘ) ২১ কে ৩ দিয়ে   ঙ) ১০ কে ৫ দিয়ে   চ) ২৪ কে ৪ দিয়ে

৭) ভাগ করি। ভাগফল ও ভাগশেষ লিখি

```
   ১  ২
  দ  এ
৪| ৪  ৮        ৫| দ এ        ৩| দ এ
 −৪   (৪ × ১ =  ৪)   ৫  ৫          ৪  ৯
 ----
      ৮
   − ৮  (৪ × ২ = ৮)
   ----
      ০
```

ভাগফল = ১২, ভাগশেষ = ০

৮) ভাগ করি। ভাগফল ও ভাগশেষ লিখি

ক) ২৭ কে ৩ দিয়ে   খ) ৪৪ কে ৪ দিয়ে   গ) ৩৬ কে ৩ দিয়ে

ঘ) ১৭ কে ৩ দিয়ে   ঙ) ৩৪ কে ৪ দিয়ে   চ) ৫৭ কে ৫ দিয়ে

শিখন সামর্থ্য: *দুই অঙ্কের সংখ্যার যোগ, বিয়োগ (< ৯৯), এক অঙ্কের সংখ্যার সাথে এক অঙ্কের সংখ্যার গুণ, দুই অঙ্কের সংখ্যাকে ১থেকে ৫ পর্যন্ত সংখ্যা দিয়ে ভাগ, দুই অঙ্কের বাস্তব সমস্যা তৈরি ও সমাধান, সংখ্যার বিন্যাস বুঝে সংখ্যা লেখা।*

আজ আমরা বাগানে খেলা করব। গাছের নীচে অনেক ফুল পড়ে আছে। আমরা সেগুলো কুড়িয়ে এনে গাছের নীচে জড়ো করব।

এবার দেখি কে কতগুলো ফুল কুড়িয়ে আনলাম। নতুন ভাবে কাঠি, লাল পুঁতি আর হলুদ পুঁতির সাহায্যে গুনব। কাঠিতে ৯ টার বেশি পুঁতি রাখা যায় না।

উপরের কাঠিটা একক কাঠি।

এবার ১০ টা ফুলের জন্য ১ টা হলুদ পুঁতি নেব ও আরো একটা কাঠির দরকার, কারণ ৯ টার বেশি পুঁতি একক কাঠিতে রাখা যাবে না, তাই দশক কাঠির দরকার। ১০ বোঝাতে দশক কাঠিতে একটা হলুদ পুঁতি আর ফাঁকা একক কাঠি নেব ।

দশক একক	দশক একক	দশক একক	দশক একক	দশক একক	দশক একক
১ ০	২ ০	০	৫ ০	৭ ০	৯ ০
টি ফুল	টি ফুল	টি ফুল	টি ফুল	টি ফুল	টি ফুল

আমি কুড়িয়েছি

দশক একক

১৮ টি ফুল

১ দশক ৮ একক

আঠারো

বেলা কুড়িয়েছে

দশক একক

২১ টি ফুল

দশক একক

একুশ

মলয় কুড়িয়েছে

টি ফুল

দশক একক

শিবু কুড়িয়েছে

৪৫ টি ফুল

দশক একক

রাণু কুড়িয়েছে

৫৪ টি ফুল

দশক একক

শিবু ও রাণু মিলে মোট কুড়িয়েছে

বেলা ও শিবু মিলে মোট কুড়িয়েছে

আমি ও রাণু মিলে কুড়িয়েছি

১। আমার কাছে ২৩টি কুল ছিল। দিদি আরো ৮ টি কুল আমাকে দিল।

নিজেরা কাঠি ও পুঁতি এঁকে সমাধান করি :

২। পুকুরে প্রথমদিনে ২৮টি রুই মাছ ছাড়া হল এবং পরের দিন ২৫টি রুইমাছ ছাড়া হলো। এখন দুদিনে পুকুরে মোট মাছ হলো ☐ টি।

৩। বাবা বাজারে গিয়ে ১০ টাকার তরমুজ, ৫১ টাকার মাছ ও ২০ টাকার আলু কিনলেন। বাবা মোট ☐ টাকা খরচ করলেন।

৪। আজ স্কুলের প্রথম শ্রেণিতে ৩৮ জন ও দ্বিতীয় শ্রেণিতে ৪৬ জন এসেছে। ঐ দুই শ্রেণিতে মোট ☐ জন এসেছে।

দশক একক ＋ দশক একক ＝ দশক একক

৩৮ জন   ৪৬ জন   ☐ জন

ভাষা দিয়ে বাস্তব সমস্যা তৈরি করি ও সমাধান করি:

৫।

আমার কাছে ৪২টি লজেন্স ছিল। মধু ৩৩টি লজেন্স দিল। এখন আমার কাছে ☐ টি লজেন্স রইল।

৬।

ভাষা দিয়ে বাস্তব সমস্যা তৈরি করি ও সমাধান করি:

শিখন সামর্থ্য : রঙিন পুঁতি ও কাঠির সাহায্যে সংখ্যা লেখা, যোগ ও বাস্তব সমস্যা তৈরি।

বিদ্যালয় থেকে বেড়িয়ে আসি

আমি হাওড়া জেলার বিবেকানন্দ প্রাথমিক বিদ্যালয়ে পড়ি। এবার আমাদের স্কুল থেকে বেড়াতে যাওয়ার ব্যবস্থা করেছি। বোটানিক্যাল গার্ডেনে যাওয়া হবে। বিভিন্ন শ্রেণি থেকে বেড়াতে যাওয়ার তালিকা তৈরি করলাম।

প্রথম শ্রেণি — ২৩ জন

দ্বিতীয় শ্রেণি — ২৪ জন

তৃতীয় শ্রেণি — ২৫ জন

চতুর্থ শ্রেণি — ২৭ জন

প্রথম শ্রেণি — দশক একক — ২৩ জন

দ্বিতীয় শ্রেণি — দশক একক — ২৪ জন

দশক একক — ৪৭ জন

তৃতীয় শ্রেণি — দশক একক — ২৫ জন

চতুর্থ শ্রেণি — দশক একক — ২৭ জন

দশক একক — ৫২ জন

প্রথম ও দ্বিতীয় শ্রেণির মোট ছাত্রছাত্রী

তৃতীয় ও চতুর্থ শ্রেণির মোট ছাত্রছাত্রী

দশক একক — ৯৯ জন

প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণির মোট ছাত্রছাত্রী = ☐ জন

বেড়ানোর দিন সকালবেলা আমার বোন মিতাও যেতে চাইল।

এখন মোট ছাত্রছাত্রীর সংখ্যা হয়, ৯৯ + ১ = ☐ জন

দশক একক

তাহলে এখানে ১০ টা লাল পুঁতি হবে। যার জন্য ১টা হলুদ পুঁতি নেব।

দশক একক

এখানে ১০ টা হলুদ পুঁতি হবে যা দশক কাঠিতে ধরবে না। তাই একটি নতুন কাঠি দরকার। যা হবে শতক কাঠি। এখন ১০ টা হলুদ পুঁতির জন্য ১ টা সবুজ পুঁতি নেব।

শতক দশক একক

১ ০ ০

শতক দশক একক

১

শতক দশক একক

১ ০

শতক দশক একক

☐

শতক দশক একক

১ শতক বা এক শ

১০০

শতক দশক একক

☐ শতক বা ☐ শ

☐

শতক দশক একক

☐ শতক বা ☐ শ

☐

শতক দশক একক

☐ শতক বা ☐ শ

☐

শতক দশক একক

☐ শতক বা ☐ শ

☐

শতক দশক একক

☐ শতক বা ☐ শ

☐

শতক দশক একক

☐ শতক বা ☐ শ

☐

শতক দশক একক

☐ শতক বা ☐ শ

☐

শতক দশক একক

☐ শতক বা ☐ শ

☐

শিখন সামর্থ্য : তিন অঙ্কের সংখ্যার প্রয়োজনবোধ তৈরি ও তা পুঁতি ও কাঠির সাহায্যে প্রকাশ।

নিজেদের প্রদর্শনীতে জিনিস বিক্রি

পুরুলিয়া জেলার বি. এন. আর মাঠে এক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। সেখানে ক্ষুদিরাম মেমোরিয়াল প্রাথমিক স্কুল, নন্দলাল প্রাথমিক বিদ্যামন্দির ও নজরুল প্রাথমিক বিদ্যাভবনের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করবে। আমরা আমাদের তৈরি জিনিস বিক্রি করব। দিদিমণিরা তাদের পছন্দ অনুযায়ী কিনবেন।

ক্ষুদিরাম মেমোরিয়াল প্রাথমিক স্কুল (মাটির জিনিস বিক্রি করে) ⟶ ১১০ টাকা পেয়েছে।

নন্দলাল প্রাথমিক বিদ্যামন্দির (কাপড়ের জিনিস বিক্রি করে) ⟶ ১০১ টাকা পেয়েছে।

নজরুল প্রাথমিক বিদ্যাভবন (আঁকা ও পেপার কাটিং বিক্রি করে) ⟶ ২০২ টাকা পেয়েছে।

শতক দশক একক

এক শতক এক দশক শূন্য একক

একশো দশ

১১০

শতক দশক একক

এক শতক শূন্য দশক এক একক

একশো এক

১০১

শতক দশক একক

দুই শতক শূন্য দশক দুই একক

২০২

সংখ্যা দেখে পুঁতি বসাই :

শতক দশক একক

চার শতক দুই দশক এক একক

শতক দশক একক

চার শতক পাঁচ দশক তিন একক

শতক দশক একক

শতক দশক একক

টেলিভিশনে কার রান কত দেখি

দ্রাবিড়ের রান — ১১৯
লক্ষ্মণের রান — ১১১
শচীনের রান — ১২৮

দ্রাবিড়ের রান — ১১৯

শতক	দশক	একক
১	১	৯

লক্ষ্মণের রান — ১১১

শতক দশক একক

শচীনের রান — ১২৮

শতক দশক একক

নিজের ইচ্ছামতো পুঁতি বসিয়ে সংখ্যা লিখি :

শতক দশক একক

☐ শতক ☐ দশক ☐ একক

শতক দশক একক

☐ শতক ☐ দশক ☐ একক

শতক দশক একক

☐ শতক ☐ দশক ☐ একক

তিন অঙ্কের সবচেয়ে বড়ো সংখ্যা কাঠিতে পুঁতি এঁকে বসাই

মেলার মজা

এবছর পশ্চিম মেদিনীপুরে একটি মেলার আয়োজন করা হয়েছে। সেখানে ঘাটাল থেকে ৪৮০ জন, চন্দ্রকোণা থেকে ৩৫০ জন ও দাঁতন থেকে ২৩৫ জন এসেছেন।

সঠিক উত্তরটিতে রং দিই :

চারশত বত্রিশ	→	৪২০ ৪১২	৪৩২ ৪০২
পাঁচশত সাত	→	৫৮৭ ৫৭১	৫৭০ ৫০৭
সাতশত আট	→	৭০৯ ৭০৮	৭৬৮ ৭১৬
দুইশত তেতাল্লিশ	→	২৫২ ২১৪	২৩৪ ২৪৩
তিনশত তেত্রিশ	→	৩০৩ ৩৩৩	৩৩০ ৩৩১

মিউনিসিপ্যালিটি থেকে বাড়ি বাড়ি নম্বর লিখে দিয়ে যায় । ওরা ঠিক করেছেন যে এই কাজে ছাত্রদের সঙ্গে নেবেন । ছাত্ররা বাড়ি বাড়ি ফাঁকা জায়গায় নম্বর লিখবে ও রং করবে ।

সংখ্যা		শতক	দশক	একক		কথায়
৫৮৫	→	৫	৮	৫	→	পাঁচশো পঁচাশি
৩০৪	→	শতক	দশক	একক	→	
	→	শতক	দশক	একক	→	দুশো তেত্রিশ
৪৪১	→	শতক	দশক	একক	→	
	→	শতক	দশক	একক	→	দুশো পঁচাত্তর
৭০০	→				→	
৮৫১	→				→	

শিখন সামর্থ্য : তিন অঙ্কের সংখ্যার কথায় ও অঙ্কে লেখা।

রঙিন কার্ড নিয়ে খেলি

হরিণের গায়ের চাকা চাকা দাগ গুনি।

১ টি দাগের জন্য ১ কার্ড ঝুড়িতে রাখি ।

৬ টি দাগের জন্য ১ ১ ১ ১ ১ ১ রাখি ।

১ ১ ১ ১ ১ ১ ১ ১ টি কার্ড ৮টি দাগের জন্য রাখি ।

এতগুলো কার্ডে ঝুড়ি ভরে যাবে , কারণ হরিণের গায়ে অনেক দাগ ।

তাই ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ → ১০ কার্ড রাখব

অর্থাৎ ১০টি ১ কার্ডের বদলে একটা ১০ কার্ড রাখব।

আবার ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ → ১০০ কার্ড রাখব

অর্থাৎ ১০টি ১০ কার্ডের বদলে একটা ১০০ কার্ড রাখব।

কার্ড এঁকে সংখ্যা তৈরি করি ও রং দিই

২৮ = ১০ ১০ ১ ১ ১ ১ ১ ১ ১ ১

৩১ =

৯২ =

১৪২ = ১০০ ১০ ১০ ১০ ১০ ১ ১

২২৫ =

৩২১ =

৭৩২ =

৬০২ =

ক্লাবের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় দৌড়াই

আজ বকুলতলার মৈত্রী সংঘ মাঠে পাড়ার খেলার প্রতিযোগিতা শুরু হয়েছে । দৌড় , চামচ-গুলি , অঙ্ক রেস, যেমন খুশি সাজো , ব্যালান্স রেস হবে । দৌড় প্রতিযোগিতায় ২১২ নম্বরের খেলোয়াড় প্রথম হয়েছে।২১২ নম্বর খেলোয়াড়ের নাম মিহির দাস । ২১২ নম্বর রঙিন কার্ড দিয়ে বোঝাই।

স্থানীয় মান অনুসারে :

∴ এককের ঘরের স্থানীয় মান ১

দশকের ঘরের স্থানীয় মান ১০

শতকের ঘরের স্থানীয় মান ১০০

কার্ড নিয়ে সংখ্যা বসাই :

স্থানীয় মান অনুসারে

শতক	দশক	একক		বিস্তৃত করে লিখি		কথায় লিখি		অঙ্কে লিখি
১০০	১০ ১০ ১০ ১০	১ ১ ১ ১ ১	→		→		→	
□	□	□						

শতকের ঘরের প্রকৃত মান □ স্থানীয় মান □

দশকের ঘরের প্রকৃত মান □ স্থানীয় মান □

এককের ঘরের প্রকৃত মান □ স্থানীয় মান □

স্থানীয় মান অনুসারে

শতক	দশক	একক		বিস্তৃত করে লিখি		কথায় লিখি		অঙ্কে লিখি
	১০ ১০ ১০ ১০ ১০ ১০	১ ১ ১ ১	→		→		→	
০	□	□						

শতকের ঘরের প্রকৃত মান □ স্থানীয় মান □

দশকের ঘরের প্রকৃত মান □ স্থানীয় মান □

এককের ঘরের প্রকৃত মান □ স্থানীয় মান □

স্থানীয় মান অনুসারে

শতক	দশক	একক		বিস্তৃত করে লিখি		কথায় লিখি		অঙ্কে লিখি
১০০ ১০০ ১০০	১০ ১০	১ ১ ১	→		→		→	
□	□	□						

শতকের ঘরের প্রকৃত মান □ স্থানীয় মান □

দশকের ঘরের প্রকৃত মান □ স্থানীয় মান □

এককের ঘরের প্রকৃত মান □ স্থানীয় মান □

স্থানীয় মান অনুসারে

শতক	দশক	একক		বিস্তৃত করে লিখি		কথায় লিখি		অঙ্কে লিখি
১০০ ১০০ ১০০ ১০০	১০ ১০	১ ১ ১	→	৪০০ + ২০ + ৩	→	চারশত তেইশ	→	৪২৩
১০০ ১০০ ১০০ ১০০ ১০০		১ ১ ১ ১ ১ ১ ১	→	৫০০ + ০ + ৭	→		→	
১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০	১০ ১০ ১০ ১০ ১০ ১০		→		→		→	
১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০	১০ ১০ ১০ ১০ ১০	১ ১	→		→		→	
১০০ ১০০ ১০০ ১০০ ১০০	১০ ১০	১ ১ ১ ১ ১ ১ ১	→		→		→	
১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০	১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০	১ ১ ১ ১ ১ ১ ১ ১	→		→		→	
১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০			→		→		→	
১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০	১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০	১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১	→		→		→	

দাগ দিয়ে মিল করি :

সংখ্যায় লিখি	বিস্তৃত করে কথায় লিখি	কথায় লিখি
২০০	চার শত চার দশ নয়	পাঁচশো এক
৫০১	ছয় শত ছয় দশ ছয়	তিনশো বত্রিশ
৩৩২	দুই শত	চারশো উনপঞ্চাশ
৪৪৯	সাত শত আট দশ আট	দুশো
৬৬৬	পাঁচ শত এক	ছশো ছেষট্টি
৭৮৮	তিন শত তিন দশ দুই	সাতশো অষ্টআশি
৮৯৯	দুই শত পাঁচ দশ তিন	সাতশো সাত
৭০৭	এক শত এক দশ	আটশো নিরানব্বই
১১০	আট শত নয় দশ নয়	দুশো তিপান্ন
২৫৩	সাত শত সাত	একশো দশ

শিখন সামর্থ্য : *রঙিন কার্ড নিয়ে তিন অঙ্কের সংখ্যা তৈরি, স্থানীয় মান অনুসারে সংখ্যার কথায় ও অঙ্কে বিস্তার। সংখ্যার প্রকৃত মান ও স্থানীয় মানের ধারণা।*

পথের ধারের ফলক দেখি

আমি বাবার সঙ্গে পায়ে হেঁটে যাচ্ছিলাম। পথের ধারে পাথরের উপর সংখ্যা লেখা আছে, সেখান থেকে আমি সংখ্যা গুনতে শুরু করলাম।

ফাঁকা ঘরে পরবর্তী সংখ্যাগুলি পরপর লিখি :

১৪৯

১৫৬

৩০০						
৫৮৮						

ঠিক আগের সংখ্যাগুলি ফাঁকা ঘরে লিখি :

						১৩১
						৩০১
						৪০০
						৭১৯

ফাঁকা ঘরে সংখ্যা লিখি :

ঠিক আগে ও পরে লিখি :

> বা < চিহ্ন দিয়ে বড়ো ছোটো লিখি :

ছবি দেখে সংখ্যায় লিখি ও কথায় লিখি :

১, ২, ৩

৩১২
তিনশো বারো

১২৩
একশো তেইশ

৩২১
তিনশো একুশ

১৩২
একশো বত্রিশ

২৩১
দুশো একত্রিশ

২১৩
দুশো তেরো

২, ৩, ৪

৩, ৪, ৫

৪, ৫, ৬

৫, ৬, ৭

(নিজেরা সংখ্যা বসাই)

শিখন সামর্থ্য : তিন অঙ্কের সংখ্যায় পূর্ববর্তী ও পরবর্তী সংখ্যা লেখা, সংখ্যার ছোট বড়ো বিচার, তিনটি অঙ্ক দিয়ে তিন অঙ্কের সংখ্যা তৈরি।

বাগানে ফুল তুলি

সবিতা সকালে বাগান থেকে ফুল তুলতে গেল। সে দেখলো শিউলি গাছে ও টগর গাছে অনেক ফুল ফুটেছে। সে ফুল গুনতে শুরু করল। গাছে অনেক ফুল। তাই সে ঠিক করল রঙিন কার্ড দিয়ে গুনবে।

১ টা ফুলকে কার্ড দিয়ে

১০ টা ফুলকে ১০ কার্ড দিয়ে

১০০ টা ফুলকে ১০০ কার্ড দিয়ে সে গুনতে শুরু করল।

সে গুনলো,

শিউলি ফুল   = ৩০০ + ৫০ + ৪ = ৩৫৪টি

টগর ফুল   = ২০০ + ১০ + ২ =২১২টি

মোট ফুল   +

৩৫৪ ২১২

=

৫৬৬

যাত্রা পালা দেখতে যাই

রসুলপুর গ্রামে যাত্রা পালা চলছে। সামনের মেঝেতে অনেকে বসে যাত্রা দেখছেন। প্রথম দিনে ১১০ জন ও দ্বিতীয় দিনে ১২৩ জন যাত্রা দেখতে এসেছেন।

	শতক	দশক	একক		
প্রথম দিনে	১০০	১০		১১০	জন
দ্বিতীয় দিনে	১০০	১০ ১০	১ ১ ১	১২৩	জন
	১০০ ১০০	১০ ১০ ১০	১ ১ ১		জন

ঐ দুদিনে মোট ☐ জন যাত্রা দেখতে এসেছেন।

কার্ড নিয়ে খেলা করি

(১)

	শতক	দশক	একক
২৩১			
+ ১০৫			
☐ ⟵			

(২)

	শতক	দশক	একক
৩০৪			
+ ২৩২			
☐ ⟵			

(৩)

	শতক	দশক	একক
২৭১			
+ ১১০			
☐ ⟵			

(৪)

	শতক	দশক	একক
১০৫			
+ ৩২১			
☐ ⟵			

শিখন সামর্থ্য *: বাস্তব সমস্যা সমাধানের মধ্য দিয়ে তিন অঙ্কের সংখ্যার সহজ যোগ (হাতে না থাকার যোগ)।*

ফল কিনে আনি

৮৭ টাকা

২৫ টাকা

অমল দোকান থেকে কিছু ফজলি আম ৮৭ টাকা আর কিছু ল্যাঙড়া আম ২৫ টাকা দিয়ে কিনল ।

অমল দোকানিকে মোট ১১২ টাকা দিয়েছে ।

বারুইপুরের এক বাড়ির উঠোনে ☐ টি পেয়ারা রাখা আছে, দিদি আরো ৫টি পেয়ারা দিল ।

ইচ্ছেমতো কার্ড নিয়ে খেলা করি

টেবিলে ছড়ানো কার্ড ইচ্ছেমতো তুলে যোগ করি :

৩. মিতা কার্ড তুলেছে → ১০০ ১০০ | ১০ ১০ | ১ ১ ১ ১ ১ ১ ১ ১

কাদির কার্ড তুলেছে → ১০০ ১০০ ১০০ ১০০ ১০০

শ দ এ

\+ ৫০০

৪. নাজিরা কার্ড তুলেছে → ১০০ ১০০ | ১০ | ১ ১ ১ ১ ১ ১ ১

সোহম কার্ড তুলেছে → ১ ১ ১ ১ ১ ১ ১ ১

শ দ এ

\+

৫. লীনা কার্ড তুলেছে → ১০০ ১০০ ১০০ ১০০ | ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ | ১ ১ ১

নাফিসা কার্ড তুলেছে → ১০ ১০ ১০ ১০ | ১ ১ ১ ১ ১ ১ ১ ১

শ দ এ

\+

৬.করিম কার্ড তুলেছে → ১০০ ১০০ ১০০ | ১০ ১০ ১০ ১০ ১০ | ১ ১ ১ ১ ১

গৌতম কার্ড তুলেছে → ১০ ১০ ১০ ১০ ১০ | ১ ১ ১ ১ ১

শ দ এ

\+

কার্ড ছাড়া যোগ করি

শ	দ	এ
৩	২	৫
+		২

শ	দ	এ
৫	০	১
+	১	৮

শ	দ	এ
২	২	৭
+	১	২

	১	
শ	দ	এ
৪	২	৬
	+	৬
৪	৩	২

শ	দ	এ
৫	০	২
+		৯

শ	দ	এ
৫	০	২
+	২	৮

১	১	
শ	দ	এ
২	২	৭
	+ ৭	৫
৩	০	২

শ	দ	এ
৫	৪	৫
+	৭	০

শ	দ	এ
৭	০	৭
+ ১	০	৯

শ	দ	এ
	২	৩
+	৪	৫
+	৪	৩

শ	দ	এ
৩	২	৫
+	৪	৯
+		৪

শ	দ	এ
	২	৫
+		৭
+ ৪	২	০

শ	দ	এ
		৫
+		৮
+ ৩	২	৯

শ	দ	এ
৫	৩	২
+		০
+	৪	৯

শ	দ	এ
৬	৪	৫
+	৫	০
+		৯

বইগুলো ঠিকমতো সাজিয়ে রাখি

শ্রাবণী আজ বইগুলো তিনটি আলমারিতে সাজিয়ে রেখেছে।

প্রথম আলমারিতে রেখেছে ৪৫ টি বই →

দ্বিতীয় আলমারিতে রেখেছে ৪৪ টি বই →

তৃতীয় আলমারিতে রেখেছে ৪২ টি বই →

৩টি আলমারিতে সাজিয়েছে মোট ☐ টি বই

শ্রাবণীর দাদার ঘরে আলমারিতে ১০২ টি বই আছে।

শ্রাবণীর দিদির ঘরে ৪৯ টি বই আছে।

শ্রাবণী সাজাল ☐ টি বই।

এখন মোট বই হলো ☐ টি।

শ দ এ	শ দ এ	শ দ এ	শ দ এ
৮ ২	১ ২ ৮	১ ০ ৫	৩ ২ ৬
+ ৩ ৪	+ ৭ ২	+ ২ ৮ ১	+ ১ ০ ৫
+ ৪ ৮	+ ৪	+ ১ ২ ৬	+ ১ ০

শিখন সামর্থ্য : বাস্তব সমস্যা সমাধানের মধ্য দিয়ে এক অঙ্ক/দুই অঙ্ক/তিন অঙ্কের সংখ্যার অপেক্ষাকৃত কঠিনতর যোগ (হাতে থাকবে)।

১। আমাদের বাগানে তিনটি আমগাছ আছে। কালবৈশাখীর ঝড়ে অনেক আম পড়ে গেছে ।

প্রথম গাছ থেকে ৩৬ টি আম পড়েছে ।
দ্বিতীয় গাছ থেকে ৪২ টি আম পড়েছে।
তৃতীয় গাছ থেকে ৩৭ টি আম পড়েছে।
ঝড়ে মোট ☐ টি আম পড়েছে।

২। মিহির বাজারে গিয়ে ১৬০ টাকার চাল, ৩৫ টাকার চিনি ও ৮ টাকার নুন কিনেছে। সে মোট ☐ টাকার জিনিস কিনেছে।

☐ টাকা
+ ☐ টাকা
+ ☐ টাকা
☐ টাকা

৩। স্কুলের রবীন্দ্রজয়ন্তী অনুষ্ঠানে ১১২ জন ছাত্রছাত্রী এসেছে। আমাদের শিক্ষক আর শিক্ষিকা মিলে ৫ জন এসেছেন। ৮ জন অতিথি এসেছেন। রবীন্দ্রজয়ন্তী অনুষ্ঠানে মোট ☐ জন এসেছেন।

☐
+ ☐
+ ☐
☐

৪। একটা তিন অঙ্কের , একটা দুই অঙ্কের আর একটা এক অঙ্কের সংখ্যা নিয়ে বাস্তব সমস্যা তৈরি করি ও যোগ করি।

বাস্তব সমস্যা :

☐
+ ☐
+ ☐
☐

শিখন সামর্থ্য : *এক অঙ্ক/দুই অঙ্ক/তিন অঙ্কের বাস্তব সমস্যা সমাধান ও বাস্তব সমস্যা তৈরি ও সমাধান।*

পাড়ার অনুষ্ঠানে যাই

১। মিতালিদের পাড়ায় এবছরের পয়লা বৈশাখে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সেই অনুষ্ঠানে ৪৬ জন এসেছে। কিন্তু বিশেষ কারণে ৪ জন অন্যকাজে চলে গেল।

		দশক	একক
এসেছিল	৪৬ জন	১০ ১০ ১০ ১০	১ ১ ১ ১ ১ ১
অন্যকাজে চলে গেল	৪ জন		১ ১ ১ ১
এখন উপস্থিত আছে	৪২ জন ←	১০ ১০ ১০ ১০	১ ১

পয়লা বৈশাখের অনুষ্ঠানে উপস্থিত আছে ☐ জন।

২। স্বাধীনতা দিবসে পাড়ার সকলে মিলে একসঙ্গে খাবার খাবে। ১৫৮ জন এসেছিল ।তাদের মধ্যে ৬ জন ঠিক করল তারা খাবার না খেয়ে বাড়িতে নিয়ে যাবে।

		শতক	দশক	একক
এসেছিল	১৫৮ জন	১০০	১০ ১০ ১০ ১০ ১০	১ ১ ১ ১ ১ ১ ১ ১
খাবার নিয়ে চলে গেল	৬ জন			১ ১ ১ ১ ১ ১
একসঙ্গে বসে খাবার খেল	১৫২ জন ←	১০০	১০ ১০ ১০ ১০ ১০	১ ১

একসঙ্গে বসে খাবার খেল ☐ জন।

৩। এই বছরে পলাশ তার ক্ষেত থেকে ২৭৮ টি ঝিঙে তুলেছে। তার ভেতর ১৫১ টি ঝিঙে নষ্ট হয়ে গেছে। এই বছর পলাশের ক্ষেতে ভালো ঝিঙে আছে ☐ টি।

	শতক	দশক	একক
২৭৮	১০০ ১০০	১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০	১ ১ ১ ১ ১ ১ ১ ১
— ১৫১	১০০	১০ ১০ ১০ ১০ ১০	১
☐ ←	১০০	১০ ১০	১ ১ ১ ১ ১ ১ ১

৪। আজ মাসুমের জালে ১৯৮ টি রুই মাছ উঠেছে আর দীপুর জালে ১৭৬ টি রুই মাছ উঠেছে। কার জালে রুই মাছ কটা বেশি উঠেছে?

	শতক	দশক	একক
১৯৮			
— ১৭৬			
☐ ←			

☐ এর জালে ☐ টি রুই মাছ বেশি উঠেছে।

৫। এবছরে মিতা ও তার বন্ধুরা স্কুলে১৭১ টি গোলাপের চারা গাছ লাগিয়েছে। অমল ও তার বন্ধুরা তাদের স্কুলে ১২১ টি গোলাপের চারা গাছ লাগিয়েছে। কারা কতগুলো বেশি গোলাপের চারা গাছ লাগিয়েছে?

	শতক	দশক	একক
১৭১			
— ১২১			
☐ ←			

☐ ও তার বন্ধুরা ☐ টি বেশি গোলাপচারা লাগিয়েছে।

শিখন সামর্থ্য : বাস্তব সমস্যার মধ্য দিয়ে এক/দুই/তিন অঙ্কের সংখ্যার বিয়োগের প্রয়োজন বুঝে বিয়োগ শিখবে।

টেলিভিশনে খেলা দেখি

		শতক	দশক	একক
ক্রিকেট খেলায় শচীনের রান →	১৭৫	১০০	১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০	১ ১ ১ ১ ১
সৌরভের রান →	- ১৬৮	১০০	১০ ১০ ১০ ১০ ১০ ১০	১ ১ ১ ১
	৭ ←			১ ১ ১ ১ ১ ১ ১

শচীনের রান সৌরভের চেয়ে ৭ বেশি।

কার্ড দিয়ে তুলনা করি

প্রিয়া ৩২১ টি শিউলি ফুল কুড়িয়েছে। সে ১৫৫ টি ফুল প্রীতিকে দিয়ে দিল। প্রিয়ার কাছে কতগুলো শিউলি ফুল আছে দেখি ।

প্রিয়ার কাছে ১৬৬ টি শিউলি ফুল আছে।

কিছু কার্ড দিয়ে দিই

	শ	দ	এ	শতক	দশক	একক
	৪	০	০			
-	৩	৮	৯			

	শ	দ	এ	শতক	দশক	একক
	৬	৬	৬			
-	২	৭	৭			
			←			

শিখন সামর্থ্য : বাস্তব সমস্যার মধ্য দিয়ে এক/দুই/তিন অঙ্কের সংখ্যার হাতে রাখা বিয়োগ।

বিয়োগ করি

	শ	দ	এ
		৮	৭
–		২	৫
		৬	২

	শ	দ	এ
	৪	৫	২
–	১	২	১

	শ	দ	এ
	৮	২	১
–	৬	১	০

	শ	দ	এ
	৯	৯	৯
–	১	০	০

		দ	এ
		৩	(১১)
		~~৪~~	~~১~~
–		১	৪
		২	৭

	শ	দ	এ
		৩	(১২)
	৫	~~৪~~	~~২~~
–	৩	১	৭
	☐	☐	৫

	শ	দ	এ
		৩	(১৩)
	৮	~~৪~~	~~৩~~
–	৩	১	৫

	শ	দ	এ
	৬	৭	০
–	৫	৩	৪

	শ	দ	এ
	৪	(১২)	(১২)
		~~২~~	
	~~৫~~	~~৩~~	~~২~~
–	২	৮	৭

	শ	দ	এ
	৬	২	৩
–	২	৭	৭

	শ	দ	এ
	৫	৫	৬
–	১	৫	৯

	শ	দ	এ
	৪	২	২
–	১	৭	৮

বিয়োগ করি

	শ	দ	এ
	৫	৮	৩
−	২	৪	১

	শ	দ	এ
	৪	□	৪
−	১	১	২
		২	

	শ	দ	এ
	□	৫	৩
−	১	১	০
	৪		

	শ	দ	এ
	৫	৬	□
−	২	২	২
			৫

	শ	দ	এ
	৮	৭	১
−	১	২	৫

	শ	দ	এ
	৫	৮	৩
−	২	১	৪

	শ	দ	এ
	২	১	১
−	১	৬	৯

	শ	দ	এ
	১	০	০
−		৯	৯

	শ	দ	এ
	৪	০	১
−		১	৯

	শ	দ	এ
	৩	২	০
−			৮

	শ	দ	এ
	২	০	৮
−		১	৮

	শ	দ	এ
	৯	০	১
−			৭

	শ	দ	এ
	৬	০	২
−			৮

	শ	দ	এ
	৫	০	২
−			৬

	শ	দ	এ
	৩	০	৭
−			৮

	শ	দ	এ
	২	০	১
−			৫

শিখন সামর্থ্য : এক/দুই/তিন অঙ্কের সংখ্যার সবরকমের বিয়োগ শিখবে।

ঠিক হয়েছে কিনা দেখি

আমার হিসাব ঠিক হয়েছে

আমার হিসাব ঠিক হয়েছে

৮৩৬ − ৪২৫ = ☐	২২৮ − ১৬৬ = ☐
৪১১ + ৪২৫ = ৮৩৬	☐ + ১৬৬ = ২২৮
২০৬ − ১১৪ = ☐	৩৯৯ − ২২৮ = ☐
☐ + ১১৪ = ☐	☐ + ☐ = ৩৯৯
☐ − ☐ = ☐	৬০০ − ☐ = ☐
☐ + ☐ = ☐	☐ + ☐ = ☐

ফাঁকা ঘরে নিজে ঠিক মতো সংখ্যা বসাই

শিখন সামর্থ্য : বিয়োগ ঠিক হয়েছে কিনা পরীক্ষা করে যোগ ও বিয়োগের পারস্পরিক সম্পর্ক জানবে।

ফুটবল খেলা দেখে আসি

স্টেডিয়ামে ফুটবল ম্যাচ হচ্ছে। ৪২৭ জন লোক খেলা দেখতে এসেছে। বিরতির পরে ২১২ জন লোক চলে গেল।

বিরতির পরে [২১৫] জন লোক রইল।

[৪২৭] — [২১২] = [২১৫]

	৪২৭
—	২১২
	২১৫

১। আমরা স্কুল থেকে দিঘা বেড়াতে যাচ্ছি। সকালের ট্রেনে ২২১ জন এবং দুপুরের ট্রেনে ১৭২ জন যাচ্ছি।

[ ] ট্রেনে [ ] জন বেশি যাচ্ছি।

[ ] [ ] [ ] = [ ]

২। হুগলির পহলমপুর গ্রামে ২৮৫ টি পাকাবাড়ি আছে। ওখানে কাঁচাবাড়ি আছে ৩৪৩ টি। পহলমপুর গ্রামে [ ] বাড়ির থেকে [ ] বাড়ি [ ] টি বেশি আছে।

[ ] [ ] [ ] = [ ]

৩। হাওড়া স্টেশন থেকে কাটোয়া লোকাল ছাড়ল। ৫২২ জন যাত্রী আছে। ব্যান্ডেলে ১৫৮ জন নেমে গেলেন।

☐ ☐ ☐ = ☐

এখন ট্রেনে ☐ জন যাত্রী রইল।

৪। অয়ন ২০১ টি স্ট্যাম্প জমিয়েছে। তার থেকে ১০৮ টি স্ট্যাম্প অনিতাকে দিল।

☐ ☐ ☐ = ☐

এখন অয়নের কাছে ☐ টি স্ট্যাম্প রইল।

৫। কাশিমচাচা পানের বরজ থেকে ৬০০ টি পান তুলেছেন। ৩০৮ টি পান দোকানিকে দিয়েছেন।

☐ ☐ ☐ = ☐

এখন কাশিমচাচার কাছে ☐ টি পান রইল।

শিখন সামর্থ্য : বাস্তব সমস্যা বুঝে তিন অঙ্কের সংখ্যার বিয়োগের প্রয়োজন বুঝবে।

বিয়োগফলে এক অঙ্কের সংখ্যায় **সবুজ রং** দিই।

বিয়োগফলে দুই অঙ্কের সংখ্যায় **নীল রং** দিই।

বিয়োগফলে তিন অঙ্কের সংখ্যায় **হলুদ রং** দিই।

৫৮৩
− ৫২৮
২৫৯
− ১৩৩

৮০০
− ৭৯৯

৬১৯
− ৫৭১
২১৯
− ১৯৯

৮৮৭
− ৭০৯

৩৮৬
− ১২১

৮০৮
− ১৯

২০০
− ১৭১

মনে মনে সহজে হিসাব করি

১। ২২ + ২৬

= ২০ + ২ + ২০ + ৬

= ২০ + ২০ + ২ + ৬

= ৪০ + ৮ = ৪৮

হাতে কলমে কাঠি দিয়ে পাই

২২ + ২৬ → |||||||||| |||||||||| || |||||||||| |||||||||| ||||||

→ |||||||||| |||||||||| |||||||||| |||||||||| ||||||||

→ ৪৮

২। ৩৬ + ৪২ = ☐ + ☐ + ☐ + ☐

= ☐ + ☐

= ☐ + ☐ = ☐

৩। ১৮ + ২৭ = ১০ + ৮ + ২০ + ৭

= ১০ + ২০ + ৮ + ৭

= ৩০ + ১৫

= ৩০ + ১০ + ৫

= ৩০ + ১০ + ৫

= ৪০ + ৫ = ৪৫

হাতে কলমে কাঠি দিয়ে পাই

১৮ + ২৭

||

৪। ৬৯ + ৭২

= ৬০ + ৯ + ৭০ + ২

= ৬০ + ৭০ + ৯ + ২

= ১৩০ + ১১

= ১৩০ + ১০ + ১

= ১৩০ + ১০ + ১

= ১৪০ + ১ = ১৪১

৫। = ১১৪ + ১২৩

= ১০০ + ১০ + ৪ + ১০০ + ২০ + ৩

= ১০০+১০০ + ১০ + ২০ + ৪ + ৩

= ২০০ + ৩০ + ৭

= ২৩৭

৬। ৩২৭ + ৪৩১

= ___ + ___ + ___ + ___ + ___ + ___

= ___ + ___ + ___

= ___ + ___ + ___

= ___

৭। ৬০৭ + ২০৮

= ___ + ___ + ___ + ___

= ___ + ___

= ___ + ___ + ___

= ___

৮। ২৮৬ + ১৩০

= ☐ + ☐ + ☐ + ☐ + ☐

= ☐ + ☐ + ☐

= ☐ + ☐ + ☐

= ☐ + ☐ + ☐ + ☐ = ☐

৯। ৫১০ + ২২০

= ☐ + ☐ + ☐ + ☐

= ☐ + ☐

= ☐

১০। ১৩৪ থেকে ১০ বেশি ☐

১১। ২২৮ থেকে ২০ বেশি ☐

১২। ৯৮ থেকে ১০ কম ☐

১৩। ২১০ এর চেয়ে বড়ো সংখ্যা ☐ ।

১৪। ৩৩৩ থেকে ১৪ কমালে ☐ পাব।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩

১৫। ১৩ নম্বর ঘর থেকে ৬ নম্বর ঘর পর্যন্ত লাফালে ☐ ঘর লাফাবো?

শিখন সামর্থ্য : ব্ল্যাক বোর্ডে বা খাতায় না লিখে মনে মনে সহজে হিসাব শিখবে।

ব্যাং লাফানো দেখি

একটা ব্যাং ৪ ঘর অন্তর লাফাতে লাফাতে চলেছে। সে ৫ বার লাফিয়েছে ।

সে ৫ বারে যাবে ৪ ঘর + ৪ ঘর + ৪ ঘর + ৪ ঘর + ৪ ঘর

= ৫ বার ৪ ঘর

= ৫ × ৪ ঘর = ২০ঘর

১ টি রিক্সার ☐ টি চাকা

৪ টি রিক্সার ☐ টি + ☐ টি + ☐ টি + ☐ টি চাকা

= ☐ × ☐ টি চাকা

= ☐ টি চাকা

১ টি মাকড়সার ☐ টি পা

৩টি মাকড়সার ☐ টি + ☐ টি + ☐ টি পা

= ☐ × ☐ টি পা

= ☐ টি পা

১টি টিপের পাতায় ☐ টি টিপ

৩টি টিপের পাতায় ☐ টি + ☐ টি + ☐ টি টিপ

= ☐ × ☐ টি টিপ

= ☐ টি টিপ

শিখন সামর্থ্য : একই সংখ্যা একাধিকবার যোগের মাধ্যমে গুণের ধারণা।

খরগোশ ও ক্যাঙারুর লাফ দেখি

২×১ = ২	২×৬ = ১২	২×১১ = ২২	২×১৬ =
২×২ = ৪	২×৭ =	২×১২ =	২×১৭ =
২×৩ = ৬	২×৮ =	২×১৩ =	২×১৮ =
২×৪ =	২×৯ =	২×১৪ = ২৮	২×১৯ =
২×৫ =	২×১০ =	২×১৫ =	২×২০ = ৪০

৪×১ = ৪	৪×৬ =	৪×১১ =	৪×১৬ =
৪×২ = ৮	৪×৭ = ২৮	৪×১২ =	৪×১৭ =
৪×৩ = ১২	৪×৮ =	৪×১৩ =	৪×১৮ =
৪×৪ =	৪×৯ =	৪×১৪ =	৪×১৯ =
৪×৫ =	৪×১০ = ৪০	৪×১৫ = ৬০	৪×২০ =

তিন ঘর করে লাফাই

৩×১ =
৩×২ =
৩×৩ =
৩×৪ =
৩×৫ =
৩×৬ =
৩×৭ = ২১
৩×৮ =
৩×৯ =
৩×১০ =
৩×১১ = ৩৩
৩×১২ =
৩×১৩ =
৩×১৪ =
৩×১৫ =

৫×১৫ =
৫×১৪ =
৫×১৩ =
৫×১২ =
৫×১১ =
৫×১০ = ৫০
৫×৯ =
৫×৮ = ৪০
৫×৭ =
৫×৬ = ৩০
৫×৫ = ২৫
৫×৪ = ২০
৫×৩ = ১৫
৫×২ = ১০
৫×১ = ৫

পাঁচ ঘর করে লাফাই

শিখন সামর্থ্য : *২, ৩, ৪ ও ৫ -এর নামতা তৈরি করবে ও পূর্বের নামতার ধারনার সঙ্গে মিলিয়ে যাচাই করবে।*

চিতাবাঘের লাফ গুনি

কার্ড দিয়ে পাই

কার্ড

১০×১ → ১ বার ১০ ঘর লাফানো = ১০ → ১০ → ১০

১০×২ → ২ বার ১০ ঘর লাফানো = ১০ + ১০ → ১০ ১০ → ২০

১০×৩ → ৩ বার ১০ ঘর লাফানো = ১০ + ১০ + ১০ → ১০ ১০ ১০ → ৩০

১০×৪ → ৪ বার ১০ ঘর লাফানো = ১০ + ১০ + ১০ + ১০ → ১০ ১০ ১০ ১০ → ৪০

১০×৫ → [ ] → [ ] → ১০ ১০ ১০ ১০ ১০ → ৫০

১০×৬ → [ ] → [ ] → [ ] → [ ]

১০×৭ → ৭ বার ১০ ঘর লাফানো → [ ] → [ ] → [ ]

১০×৮ → [ ] → [ ] → [ ] → [ ]

১০×৯ → [ ] → [ ] → [ ] → [ ]

কার্ড

১০×১০ → [ ] → [ ] → [ ] → ১০০ → [ ]

শিখন সামর্থ্য : *বাস্তব অভিজ্ঞতা থেকে ১০ এর নামতা তৈরি করবে।*

রঙিন কার্ডের খেলা খেলি

আজ অনেকগুলি ১০ -এর কার্ড নিয়ে খেলব ও বিভিন্ন সংখ্যা তৈরির চেষ্টা করবো।

প্রথমে দুটো ১০ -এর কার্ড নিই।

২০ → ১০ ১০

২ × ২০ → ১০ ১০ | ১০ ১০ → ১০ ১০ ১০ ১০ → ৪০

৩ × ২০ → ১০ ১০ | ১০ ১০ | ১০ ১০ → ১০ ১০ ১০ ১০ ১০ ১০ → ৬০

৪ × ২০ → ☐ ☐ ☐ ☐ → ☐

→ ☐

৫ × ২০ → ১০ ১০ | ১০ ১০ | ১০ ১০ | ১০ ১০ | ১০ ১০

→ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ → ১০০ → ১০০

৬ × ২০ → ☐ ☐ ☐ ☐ ☐ ☐ →

☐ → ☐

নিজে → ৭ × ২০ , ৮ × ২০ ও ৯ × ২০ -এর মান বের করি।

তিনটে ১০ -এর কার্ড নিয়ে কী পাই দেখি। ৩০ → ১০ ১০ ১০

২× ৩০ → ১০ ১০ ১০ | ১০ ১০ ১০ → ১০ ১০ ১০ ১০ ১০ ১০ → ৬০

৩ × ৩০ → [ ] [ ] [ ] → [ ]

→ [ ]

৪ × ৩০ → ১০ ১০ ১০ | ১০ ১০ ১০ | ১০ ১০ ১০ | ১০ ১০ ১০ →

১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ → ১০০ ১০ ১০ → [ ]

৫ × ৩০ → [ ] [ ] [ ] [ ] [ ]

→ [ ] → [ ]

→ [ ]

নিজে করি → ৬ × ৩০, ৭ × ৩০, ৭ × ৪০, ৮ × ৪০, ৯ × ৪০, ৬ × ৫০

৬ × ৬০, ৭ × ৬০, ৮ × ৬০, ৬ × ৭০, ৭ × ৭০ ও ৮ × ৭০ ।

স্কুলে স্বাধীনতা দিবস পালন করি

আজ ১৫ আগস্ট। আমাদের স্বাধীনতা দিবস । মিতার স্কুলে জাতীয় পতাকা তোলা হবে । মিতার স্কুলের নাম রামমোহন প্রাথমিক বিদ্যামন্দির। হুগলি জেলায় অবস্থিত। মিতা গুনে দেখল ২৬ জন বন্ধু এসেছে। প্রত্যেককে ২টি করে বিস্কুট দেবে ।

→ ২০× ২ টি = ৪০ টি-র বেশি বিস্কুট দরকার

→ ৩০× ২ টি = ৬০ টি-র কম বিস্কুট হলেই হবে

ঠিক বিস্কুটের দরকার → ২

২৬

২০	৬
২ × ২০ = ৪০	৬ × ২ = ১২

→

	দ	এ
	৪	০
+	১	২
	৫	২ টি

হাতে কলমে কাজ (কাঠি দিয়ে)

ও মিলে হয়

দিদিমণি এবার প্রত্যেককে ৪ টি করে লজেন্স দিতে বললেন ।

মিতা হিসাব করতে লাগল ,

৪

২০	৬

→

	শ	দ	এ
+			

মিতা দেখল ______ টি লজেন্স হলে সবাইকে ৪টি করে লজেন্স দেওয়া যাবে।

হাতে কলমে কাজ (কার্ড দিয়ে) ২৬ →

২৬ × ৪

কার্ড ৮টি

কার্ড ২৪টি

২৪ টি কার্ড মিলে হয় ২টি ১০ কার্ড ও ৪টি কার্ড।

১০ টি ১০ কার্ড মিলে ১টি ১০০ কার্ড হল। ৪টি কার্ড আগেই ছিল।

শিখন সামর্থ্য : *বাস্তব সমস্যার মধ্য দিয়ে দুই অঙ্কের সংখ্যার সঙ্গে এক অঙ্কের সংখ্যার গুণফল কোন কোন সংখ্যার মাঝে থাকতে পারে তার অনুমান শিখবে ও গুণফল নির্ণয় করবে।*

নারকেল নিয়ে বাজারে যাই

পূর্ব মেদিনীপুরের দিঘায় শাকিলের বাড়ি। সে ৫ বস্তা নারকেল নিয়ে বাজারে যাচ্ছে। প্রতি বস্তায় ২৮ টি নারকেল আছে।

শাকিল মোট ☐ টি নারকেল নিয়ে বাজারে যাচ্ছে।

প্রথম পদ্ধতি

২৮

৫	২০	৮
	২০ × ৫ = ১০০	৮ × ৫ = ৪০

১০০
\+ ৪০
১৪০ টি নারকেল আছে

দ্বিতীয় পদ্ধতি →

	শ	দ	এ	
		(৪)		
		২	৮	→ গুণ্য
		×	৫	→ গুণক
	১	৪	০	→ গুণফল

কী পাই দেখি

১) ৫২ × ৩ →

৫২

৩	৫০	২
	৫০ × ৩ = ১৫০	২ × ৩ = ৬

→ ১৫০
\+ ৬
১৫৬

দ্বিতীয় পদ্ধতি

শ	দ	এ
	৫	২
	×	৩
১	৫	৬

২) ৬১ × ৫ →

৬১

৫		

→ ☐
\+ ☐
☐

শ	দ	এ
	৬	১
	×	৫

৩) ৮১ × ৩ →

+

শ দ এ

×

৪) ৯২ × ৪ →

+

শ দ এ

×

৫) ৩৮ × ৪ →

+

শ দ এ

৩ ৮

× ৪

৬) ৭৮ × ২ →

+

শ দ এ

×

৭) ৬৯ × ৩ →

+

শ দ এ

×

শিখন সামর্থ্য : দুই অঙ্কের সংখ্যাকে এক অঙ্কের সংখ্যা দিয়ে যে কোন একটি পদ্ধতিতে গুণ করা শিখবে।

কার্ড নিয়ে মজা করি

১ টা ১০০ = ১ × ১০০ = ১০০

এবার বলো কত?

২ টি ১০০ = ২ × ১০০ → ১০০ ১০০

→ ১০০ + ১০০ =

এবার বলো

৩ × ১০০ → ১০০ ১০০ ১০০ → ১০০ + ১০০ + ১০০ = ৩০০

৪ × ১০০ → ১০০ ১০০ ১০০ ১০০ → ১০০ + ১০০ + ১০০ + ১০০ = ৪০০

৫ × ১০০ → ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ → =

৬ × ১০০ → → =

৭ × ১০০ → → =

৮ × ১০০ → → =

৯ × ১০০ → → =

প্রিয়ার হিসাব

প্রিয়া নতুন স্কুলে যাবে। তার স্কুলের জামা দরকার। দোকান থেকে ৪টি জামা কিনতে হবে। ১ টি জামার দাম ১০০ টাকা ।

প্রিয়ার মা দোকানিকে [৪] × [১০০] টাকা
= [   ] টাকা দিলেন।

স্কুলের বই কেনার জন্য প্রিয়াকে স্কুল থেকে ২ টি ১০০ টাকা দেওয়া হল ।

প্রিয়া [   ] × [   ] টাকা
= [   ] টাকার বই কিনতে পারবে ।

প্রিয়ার দিদি প্রিয়াকে স্কুলের জুতো কেনার জন্য ৩টি ১০০ টাকার নোট দিল।

প্রিয়া [   ] × [   ] টাকা
= [   ] টাকার জুতো কিনতে পারবে ।

দীপার বইমেলায় ভ্রমণ

দীপার আজ খুব মজা। দীপা ও তার স্কুলের বন্ধুরা মেদিনীপুর জেলার বইমেলায় যাওয়ার ব্যবস্থা করেছে। স্কুলের নাম বিদ্যাসাগর প্রাথমিক বিদ্যালয়। অনেক বন্ধু যাবে। তাই তারা দু-বারে যাবে। প্রতিবারে ১০৩ জন যাবে।

১০০ × ২= ২০০ জনের বেশি বন্ধু যাবে।

১১০ × ২ → ২

১০০	১০
১০০ × ২ = ২০০	১০ × ২ = ২০

২২০ জনের কম বন্ধু যাবে।

```
  ২ ০ ০
+   ২ ০
-------
  ২ ২ ০
```

'কিন্তু বই মেলায় যাওয়ার জন্য ঠিক কতজনের নামের তালিকা বানাব'?

১০৩×২ → ২

১০০	৩
১০০ × ২ = ২০০	৩ × ২ = ৬

→

```
  ২ ০ ০
+     ৬
-------
  ২ ০ ৬
```

দ্বিতীয় পদ্ধতি

```
শ  দ  এ
১  ০  ৩  → গুণ্য
   ×  ২  → গুণক
----------
২  ০  ৬  → গুণফল
```

তাই দীপা ঠিক ২০৬ জনের নামের তালিকা তৈরি করল।

দীপা বইমেলায় গিয়ে স্কুলের প্রত্যেককে ২ টো করে লজেন্স দেবে। মোট কতগুলো লজেন্স দীপা নেবে?

হাতে কলমে কাজ (কার্ড দিয়ে)

শিখন সামর্থ্য : বাস্তব সমস্যা ও গল্পের মধ্য দিয়ে তিন অঙ্কের সংখ্যার সঙ্গে এক অঙ্কের সংখ্যার গুণের প্রয়োজনবোধ তৈরি করা ও যেকোনো পদ্ধতিতে গুণ করতে শেখা। হাতে কলমে যাচাই করতে পারা।

টগর ফুলের সংখ্যা জানি

১। একটি গাছে ১১২ টি টগর ফুল ফুটেছে। প্রতিগাছে সমসংখ্যক ফুল ফুটে থাকলে, এরকম ৩টি গাছে ☐ টি টগর ফুল ফুটেছে।

তিনটি গাছে ৩৩৬ টি টগর ফুল ফুটেছে।

২। ধর্মতলা থেকে কামারপুকুরে যাওয়ার ৪ টি বাস ছাড়ছে। খুব ভিড় হয়েছে। প্রতি বাসে ১১৩ জন যাত্রী যাচ্ছেন।

৪ টি বাসে মোট ☐ জন যাত্রী যাচ্ছেন।

৩। বাবা দোকানে গিয়ে ২টো শাড়ি কিনলেন। প্রত্যেক শাড়ির দাম ২৭৫ টাকা। বাবা মোট

☐ টাকার শাড়ি কিনলেন।

হাতে কলমে কাজ (কার্ড দিয়ে)

শতক দশক একক

২ ৭ ৫ → ১০০ ১০০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১ ১ ১ ১ ১

২৭৫ × ২ = ২৭৫ + ২৭৫

১০০ ১০০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১ ১ ১ ১ ১ ও ১০০ ১০০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১ ১ ১ ১ ১

→ ১০০ ১০০ ১০০ ১০০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ (১০০, ১০) → ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০ ১০ ১০ ১০ ১০

↓

☐

বইয়ের দাম বের করি

৪।

১টি তাকে বই আছে → ☐ টি

প্রতিটি বইয়ের দাম → ১৪০ টাকা

মোট দাম → ☐ × ☐ টাকা

→ ☐ ☐

→ ☐ + ☐ → ☐ টাকা

দ্বিতীয় পদ্ধতি

১ ৪ ০ টাকা

× ☐

☐ টাকা

৫।

চেয়ারের সংখ্যা → ☐ টি

প্রতিটি চেয়ারের দাম → ২৪৫ টাকা

মোট দাম → ☐ × ☐ টাকা

→ ☐ ☐

→ ☐ + ☐ + ☐ → ☐ টাকা

দ্বিতীয় পদ্ধতি

২ ৪ ৫ টাকা

× ☐

☐ টাকা

৬।

মাছ → ☐ টি

প্রতিটির দাম → ১৭৫ টাকা

মোট দাম → ☐ × ☐ টাকা

→ ☐ ☐

→ ☐ + ☐ + ☐ → ☐ টাকা

দ্বিতীয় পদ্ধতি

১ ৭ ৫ টাকা

× ☐

☐ টাকা

শিখন সামর্থ্য : বাস্তব সমস্যা সমাধানে তিন অঙ্কের সংখ্যাকে এক অঙ্কের সংখ্যা দিয়ে যেকোনো পদ্ধতিতে গুণ শিখবে।

গুণ করতে পারি না কি দেখি

(৯) ২০০ এর ছোটো একটি তিন অঙ্কের সংখ্যা লেখো। ঐ সংখ্যাটিকে ৬-এর ছোটো সংখ্যা দিয়ে গুণ করো।

শিখন সামর্থ্য : *তিন অঙ্কের সংখ্যাকে এক অঙ্কের সংখ্যা দিয়ে যেকোনো পদ্ধতিতে গুণ করবে। গুণফল চার অঙ্কের সংখ্যা হবে না।*

সমান ভাগে ভাগ করি

আমি মালদহ জেলার ইংলিশবাজারে থাকি। বাবা, মা, দিদা ও দাদুকে নিয়ে আমাদের আনন্দের পরিবার। আজ সকালে বাবা বাজার থেকে ১ ঝুড়ি আম এনেছেন। আমি গুনে দেখলাম ঝুড়িতে ২৫টি আম আছে। দিদা সবাইকে সমান ভাগে ভাগ করে দিতে বললেন।

প্রত্যেকে ☐ ÷ ☐ টি = ৫ টি করে দিলাম ও নিজেও নিলাম।

বিকালে আমি দাদুর সঙ্গে মেলা দেখতে গেলাম। সেখানে নাগরদোলায় চড়লাম। দেখলাম নাগরদোলার খাঁচাগুলোয় ৩৫ জন বসেছে। প্রত্যেক খাঁচায় ৫ জন বসেছে।

নাগরদোলায় ☐ ÷ ☐ টি = ☐ টি খাঁচা আছে।

মেলায় অনেক মজা করলাম। শেষে বাড়ি ফেরার সময়ে দাদু এক ঠোঙা জিলিপি কিনলেন। বাড়ি ফিরে দেখলাম ২০ টি জিলিপি আছে।

আমি প্রত্যেককে ☐ ÷ ☐ টি = ☐ টি করে জিলিপি দিলাম ও নিজেও নিলাম।

(১)

→ ☐ জন মেয়ে পরতে পারবে।

(২)

→ছবিতে ☐ টি বোতাম আছে।

☐ টি জামা আছে।

১ টি জামায় ☐ ÷ ☐ টি

= ☐ টি বোতাম লাগবে ।

(৩)

বাগান থেকে ☐ টি কলা তুলে এনেছি। পাঁচিলে হনুমান ৪ টি।

সমানভাগে ভাগ করে দিলে,

প্রত্যেক হনুমান পায় ☐ ÷ ☐ টি

= ☐ টি কলা।

(৪)

→ ১ টি গাড়িতে [ ] টি চাকা লাগে,

৪৪ টি চাকা [৪৪] [÷] [৪] টি

= [১১] টি গাড়িতে লাগানো যাবে।

```
    ১ ১
৪ | ৪ ৪
  -৪
  ----
      ৪
    - ৪
  ----
      ০
```

হাতে কলমে কাজ (কাঠি দিয়ে)

শিখন সামর্থ্য : বাস্তব সমস্যা সমাধানের মাধ্যমে দুই অঙ্কের সংখ্যাকে ২ থেকে ৫ পর্যন্ত এক অঙ্কের সংখ্যা দিয়ে ভাগ। হাতে কলমে কাঠি ও কার্ডের মাধ্যমে যাচাই করবে।

মাছ ভাগ করি

১। দিঘার সমুদ্রে ১০০ কেজি মাছ উঠেছে। ২টি বাক্স রাখা আছে। সমান ভাগে ভাগ করলে, প্রত্যেক বাক্সে ১০০ কেজি ÷ ২ = ৫০ কেজি মাছ রাখা যাবে। [৫০×২ = ১০০]

হাতে কলমে কাজ (কার্ড দিয়ে)

১০০ → ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ → ১০ ১০ ১০ ১০ ১০ | ১০ ১০ ১০ ১০ ১০

১০০ ÷ ২ → ১০ ১০ ১০ ১০ ১০ → ৫০

২। এবার শিশুদিবসে আমাদের স্কুলের প্রধান শিক্ষক আমাদের ২১০টি লজেন্স দিয়েছেন। আমরা প্রত্যেকে ২টি করে লজেন্স নিয়েছি। সেইদিন আমরা ২১০ ÷ ২ জন = ☐ জন স্কুলে এসেছিলাম।

৩। ৩ দিনে ৩৬০ টি মাটির হাঁড়ি তৈরি হলে ১ দিনে [৩৬০] ÷ [৩]টি = [ ]টি হাঁড়ি তৈরি হয়।

হাতে কলমে কাজ (কার্ড দিয়ে)

৪। একটি গ্রামের প্রত্যেক পরিবারকে ২ কেজি চাল দেওয়া হয়। মোট ৩০০ কেজি চাল পাঠানো হলো।

[ ] ÷ [ ]টি = টি পরিবার চাল পেল।

হাতে কলমে কাজ (কার্ড দিয়ে)

১) রবীন্দ্র প্রাথমিক বিদ্যালয়ে প্রত্যেক ছাত্রকে ৩ টি করে বই দেওয়া হল। মোট ৪৫০ টি বই দেওয়া হল।

ওই বিদ্যালয়ে ☐ ÷ ☐ জন = ☐ জন ছাত্র আছে।

হাতে কলমে কাজ (কার্ড দিয়ে)

☐ ÷ ☐ → ☐ → ☐

কার্ড দিয়ে ভাগ করি :

২) ৩১০ ÷ ২ = ☐ [৩১০→ ১০০ ১০০ ১০০ ১০ → ১০০ ১০০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১

৩) ১২০ ÷ ৩ = ☐ [১২০ → ☐ → ☐

৪) ১৫০ ÷ ৫ = ☐ [১৫০ → ☐ → ☐

শিখন সামর্থ্য : বাস্তব সমস্যা সমাধানে কার্ডের সাহায্যে তিন অঙ্কের সংখ্যাকে ১ থেকে ৫ পর্যন্ত সংখ্যা দিয়ে দল তৈরি করে ভাগ শিখবে।

বার্ষিক খেলায় যাই

কাল আমাদের বার্ষিক খেলা হবে। তাই আজ সকালে মাঠে চুন দিয়ে সোজা লাইন তৈরি করছি।

অমল দৌড়ে প্রথমে গেল। কিন্তু অমলকে বাদ দেওয়া হল। কারণ অমল তার লাইনে সোজা দৌড়ায়নি।

এবার এক জায়গায় দাঁড়িয়ে লাফদড়ি খেলা শুরু হবে। যারা নাম দিয়েছে তারা মাঠের একদিকে চলে গেল ও নিজেদের জায়গায় দাঁড়িয়ে পড়ল।

এবার শ্রেণিকক্ষে দেখি,

এটা একটা সরলরেখাংশ।

কাগজের উপর
একটা বাটি উপুর করে

পেনসিল দিয়ে বাটির চারপাশে বুলিয়ে একটা ◯ পেলাম।

এটা একটা বক্ররেখা।

শিখন সামর্থ্য : *খেলার মাঠ, প্রকৃতি ও ব্যবহৃত জিনিস থেকে সরলরেখাংশ, বক্ররেখাংশ ও বক্ররেখা চিনবে।*

আজ আমরা দেশলাই কাঠি দিয়ে কিছু তৈরি করব

একটা পিচবোর্ডের ট্রে-তে কিছু দেশলাই কাঠি আছে।

কী তৈরি করলাম ?

